

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৫০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪৫. দু' সাজাদাহর মাঝখানে দু'আ

باب الدُّعَاءِ بَيْنَ السَّجْدَتَيْن

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ مَسْعُودٍ، حَدَّتَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، حَدَّتَنَا كَامِلٌ أَبُو الْعَلَاءِ، حَدَّتَنِي حَبِيبُ بْنُ أَبِي ثَابِتٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَقُولُ بَيْنَ السَّجْدَتَيْنِ " اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي وَعَافِنِي وَاهْدِنِي وَارْزُقْنِي " .

_ حسن

বাংলা

৮৫০। ইবনু 'আব্বাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু' সাজদার মাঝে এ দু'আ পড়তেনঃ ''আল্লাহুম্মাগফির লী, ওয়ারহামনী, ওয়া 'আফিনী, ওয়াহদিনী, ওয়ারযুক্কনী''।[1]

হাসান।

English

Narrated Abdullah ibn Abbas:

The Prophet (ﷺ) used to say between the two prostrations: "O Allah, forgive me, have mercy on me, guide me, heal me, and provide for me."

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ দু' সাজদার মাঝে কি বলবে, হাঃ ৮৯৮), তিরমিয়ী (অধ্যায়ঃ আবওয়াবুস সালাত, অনুঃ দু' সাজদার মধ্যবর্তী সময়ে কি বলবে, হাঃ ২৮৪, ২৮৫, ইমাম তিরমিয়ী বলেন, এ



হাদীসটি গরীব)।

হাদিসের শিক্ষা

- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। এই দোয়াটির মধ্যে মানুষের দুনিয়া ও পরকালের জীবনের প্রয়োজনীয় মঙ্গল ও সুখের সকল প্রকার উপাদান রয়েছে। এবং সর্ব প্রকার অমঙ্গল থেকে সংরক্ষিত হওয়ার উপযুক্ত উপকরণও রয়েছে।
- ২। প্রকৃত ইসলাম ধর্ম হলো সকল জাতির মানব সমাজের জন্য সুখময় জীবন লাভের সঠিক উৎস। সুতরাং যে ব্যক্তি এই ধর্মের অনুগামী হতে পারবে, সে ব্যক্তি সুখময় জীবন লাভ করতে পারবে। এবং যে ব্যক্তি এই ধর্ম থেকে বিমুখ হয়ে যাবে, সে ব্যক্তি কষ্টের জীবন লাভ করবে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন